

কুষ্টিয়ায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অযত্নে নষ্ট হচ্ছে কম্পিউটার

কুষ্টিয়া থেকে সাত রিপোর্টার

মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ে কম্পিউটার শিক্ষার বেহাল অবস্থা। কুষ্টিয়া জেলার ৬টি উপজেলায় কম্পিউটার রয়েছে এমন সবক'টি শিক্ষা প্রতিষ্ঠানেই একই অবস্থা। জেলায় সরকারি কলেজ রয়েছে ৩টি, বেসরকারি কলেজ ৩০টি, সরকারি উচ্চবিদ্যালয় ৩টি, বেসরকারি উচ্চবিদ্যালয় ১৭০টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৩৮টি, সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩৩০টি, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ২৭৫টি, মাদরাসা/৩৭টি, জামিন কলেজ ১টি, প্রতিবন্ধী বিদ্যালয় ১টি এবং এনজিও পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে ৪৫৬টি। জানা যায়, এখন পর্যন্ত জেলার সরকারি কলেজগুলোতে কোন কম্পিউটার শিক্ষকের পদ নেই। এসব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের কোন উদ্যোগ নেয়া হয়নি। প্রতি মুহূর্তে প্রযুক্তি এগিয়ে চলেছে পিছিয়ে যাচ্ছে জেলার মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা বেসরকারি এমপিওভুক্ত স্কুল-কলেজে কম্পিউটার শিক্ষা খুঁড়িয়ে চলেছে।

যেমন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষার অবস্থা নাটক। জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কম্পিউটার শিক্ষার বর্তমান অবস্থা নিয়ে হতাশ অভিজ্ঞাবকরা। এ ব্যাপারে এক অধ্যাপক বলেন, জেলার কম্পিউটার শিক্ষা নিয়ে কর্তৃপক্ষের কোন উদ্যোগ নেই। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার বিধিমাটি স্কুল ও কলেজে অতিরিক্ত বিষয় হিসেবে পড়ানো হয়। ফলে অনেক শিক্ষার্থী এ বিষয়টি পড়ে না বলে শিক্ষকের প্রয়োজন হয় না। প্রযুক্তি শিক্ষার স্বার্থে কম্পিউটার বিষয়টি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষায় বাধ্যতামূলক বিষয় হিসেবে বৃত্ত করা দরকার বলে তিনি মনে করেন। এদিকে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বাংলা, ইংরেজি, পদার্থবিদ্যা, রসায়ন কিংবা অন্যান্য বিষয়ের শিক্ষক দিয়ে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে দায়সারা কম্পিউটার শিক্ষা দেয়া হচ্ছে। অতিযোগ রয়েছে অনেক শিক্ষক আবার শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার বাড়িতে নিয়ে তাদের ব্যক্তিগত কাজ করছেন।